

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৩৪/২০২২-২০২৩
ময়মনসিংহ, ০৯ মে, মঙ্গলবার ২০২৩, ২৬ বৈশাখ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে শিক্ষা কারিকুলাম প্রণয়নের নির্দেশ রাষ্ট্রপতির
- ০২। নেত্রকোনায় হজযাত্রীদের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত
- ০৩। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ময়মনসিংহে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত
- ০৪। ময়মনসিংহ জেলায় বোরোধান চাষের লক্ষ্যমাত্রা ছাড়িয়েছে

০১। পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে শিক্ষা কারিকুলাম প্রণয়নের নির্দেশ রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষা কারিকুলাম প্রণয়নের নির্দেশ দিয়েছেন। তিনি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কর্মমুখী শিক্ষা বাড়ানোরও তাগিদ দেন যাতে শিক্ষার্থীদের ডিগ্রী অর্জনের সাথে সাথেই কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৌমিত্র শেখর ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ মাহফুজুল আজিজ সোমবার (০৮ মে) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ নির্দেশ দেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০২। নেত্রকোণায় হজযাত্রীদের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

নেত্রকোণা জেলা প্রশাসন ও ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে রবিবার (০৮ মে) জেলা শহরের মোক্তারপাড়া পাবলিক সরকারি-বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। নেত্রকোণা জেলা প্রশাসক অঞ্জনা খান মজলিশের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সমাজকল্যাণ প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরু। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক সবুজ।

০৩। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ময়মনসিংহে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬২তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ময়মনসিংহ জেলা প্রশাসনের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (০৮ মে) ময়মনসিংহ জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস। জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান এর সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য, জেলা আওয়ামী লীগের সভাপতি এহতেশামুল আলম প্রমুখ বক্তব্য রাখেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৪। ময়মনসিংহ জেলায় বোরো খান চাষের লক্ষ্যমাত্রা ছাড়িয়েছে

এবছর ময়মনসিংহ জেলায় বোরো খান চাষের লক্ষ্যমাত্রা ছাড়িয়েছে। বোরো চাষে লক্ষ্যমাত্রা ছিলো ২ লাখ ৬২ হাজার ৫ শত ৫০ হেক্টর, কিন্তু চাষ করা হয়েছে ২ লাখ ৬২ হাজার ৯ শত ৮৬ হেক্টর জমি। জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এ তথ্য জানিয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. মতিউজ্জামান জানান, এ বছর বোরো খান উৎপাদনের লক্ষ্যমাত্রা ছিলো ১১ লাখ ১২ হাজার ১৮ মেট্রিক টন। ০৭ মে তারিখ পর্যন্ত এ জেলায় উৎপাদনের প্রায় ৬৪% খান কাটা হয়েছে। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক সবুজ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক সবুজ:** দেশে রেললাইনগুলো ঝুঁকিপূর্ণ হওয়ায় প্রায় সময়ই দুর্ঘটনা ঘটছে। ট্রেন লাইনচ্যুত হচ্ছে। যোগাযোগের এ অন্যতম মাধ্যমটিকে গতিশীল, ঝুঁকিহীন ও আরামদায়ক করা গেলে রেলকে লাভজনক সংস্থা হিসেবে দাঁড় করানো অসম্ভব নয়। দ্রুততম সময়ের মধ্যে জরাজীর্ণ লাইন সংস্কার, চিহ্নিত ঝুঁকিপূর্ণ সেতু মেরামতসহ বিভিন্ন ক্ষেত্রে সংস্কারের জন্য সরকার পদক্ষেপ নিবে, এটাই প্রত্যাশা।
- (খ) **দৈনিক স্বদেশ সংবাদ:** দেশে অব্যাহত মূল্যস্ফীতির কারণে চরম অস্বস্তিতে মানুষ। সম্প্রতি আরেক দফা দাম বেড়েছে ভোজ্যতেল ও চিনির। ভোজ্যতেল ও চিনি নিয়ে কেউ যাতে কারসাজি করতে না পারে এ বিষয়ে কর্তৃপক্ষকে বিশেষভাবে সতর্ক থাকতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। হাসপাতালে আইসিইউ শয্যার সংখ্যা বাড়ানো জরুরি- রেজাউল করিম খোকন (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০২। 'বাম্পার ফলন' এবং হাওরের হাসি-কান্না- আব্দুল কায়েস (দৈনিক দিনের পালা)
- ০৩। রবীন্দ্রনাথ বাংলা সাহিত্যের এক উজ্জ্বল নক্ষত্র- জান্নাতুল শিফা সম্পা (দৈনিক স্বজন)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।